

তারিখঃ ০২-১১-২০ (পৃঃ০৯)

বি-৭৫ ধানে চমক কালিগঞ্জে

আশিকুর রহমান, কালীগঞ্জ (বিনাইদহ) থেকে

বাংলাদেশ ধান গবেষণা ইনসিটিউটের উচ্চাবিত বি-ধান ৭৫ ফলানে চমক সৃষ্টি করেছে। এ ধান এখন কৃষকের ঘরে উঠতে শুরু করেছে। এ জাতের ধানচাষে কম খরচে অঞ্চলিনে অধিক ফলান পেয়ে ক্ষয়করা অনেক খুশি। তাদের মধ্যে একজন বিনাইদহ কালীগঞ্জের ক্ষয়ক শাহজান মন্ডল। তিনি এ বছর দুটি ক্ষেত্রে মিলে মোট ১৮ কাঠা জমিতে বিধান ৭৫ চাষ করে এলাকার অন্য কৃষকদের মাঝে ব্যাপক সাড়া ফেলে দিয়েছেন। ক্ষয়ক শাহজান মন্ডল উপজেলার কোলা ইউনিয়নের খড়িকাড়া গ্রামের আবুল খালেক মন্ডলের ছেলে। তার ক্ষেত্রের ধান দেখে অন্য কৃষকরাও ঝুকছেন বি-৭৫ এ।

উপজেলা কৃষি অফিস সূত্রে জানা যায়, এ বছর আমন ধান চাষের লঙ্ঘনমাত্রা ধরা হয়েছে ১৮ হাজার ৫শ' ৭০ হেক্টের। চাষ হয়েছে ১৮ হাজার ৪শ' হেক্টের। এরমধ্যে বাংলাদেশ ধান গবেষণা ইনসিটিউটের উচ্চাবিত বিধান ৭৫ চাষ হয়েছে ১শ' ৭৫ হেক্টের জমিতে।

এই জাতের ধানের বীজ ২০১৮ সালে উৎসর্বিত। যা সরকারি প্রযোদগ্রাম হিসেবে কৃষকদেরকে বিনামূল্যে দেয়া হয়েছিল।

সরেজামিনে দেখা যায়, ক্ষয়ক শাহজাহান আলী মন্ডলের একটি ক্ষেত্রে ধানগুলো পেকে সোনালী রঙ ধারণ করতে শুরু করেছে। ধানের বাইল বা শিষ ধানেরভাবে নুইয়ে পড়ছে। তিনি জানান, নতুন জাতের বিধান ৭৫ তাদের মাঠে এ বছরই প্রথম চাষ করেছেন। একই সাথে রোপন করা অন্য জাতের ধান ক্ষেত্রের ধান সবেমাত্র বাইল বা শিষ বের হচ্ছে। অথচ বি-৭৫ ঘরে উঠিয়ে এখন মসুর চাষের জন্য জমি প্রস্তুত করতে বেশ সময়



পাবে। তিনি আরও জানান, এ ধান রোপনের পর থেকে মাত্র ১ বার সার প্রয়োগ করেছেন। আর রোগ বালাই মেই বললেই চলে এবং উৎপাদন বায়ও কম। তিনি বিগত ১৮ বছর ধরে কৃষি কাজের সাথে জড়িত। সব মৌসুমেই তিনি ধানের চাষ করে থাকেন। কোনো কোনো বছর ফলান এতো কম হয় যে উৎপাদন ব্যয় ঘরে আন-টোও কষ্ট হয়ে যায়। এদিক বিবেচনায় বর্তমান সময়ে বিধান ৭৫ সবচেয়ে ক্ষয়ক বান্ধব বলে মনে করছেন তিনি। ফলে আগামীতে সব জমিতেই এ

জাতের ধানের চাষ করবেন তিনি। উপজেলা কৃষি কর্মকর্তা খন্দকার মোহায়মেন ইসলাম জানান, এ উপজেলার ক্ষয়ক শাহজান মন্ডল বিধান চাষ একা করেন। উপজেলায় মোট ১শ' ৭৫ হেক্টের জমিতে বিধান ৭৫'র চাষ করা হয়েছে। এ ধানে উৎপাদন ব্যয় অনেক কম। অপেক্ষাকৃত কম দিনে সংগ্রহ করা যায়। এছাড়া ফলান বেশি। তাই কৃষকদের দৃষ্টি এখন বিধান ৭৫'র দিকে। তিনি নিজেও কয়েকটি ক্ষেত্রে ধান দেখে প্রমাণ পেয়েছেন।